রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**মঙ্গলবার, জুলাই ২২, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধান উপদেষ্টার কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৬ শ্রাবণ ১৪৩২/২১ জুলাই ২০২৫

নং **০৩.০০.২৬৯০.০০০.০৮১.১৪.০০০৩.২৫.৯৯**—কক্সবাজার বিমানবন্দরকে আন্তর্জাতিক মানে উন্নীতকরণের লক্ষ্যে বন্দোবস্তকৃত কক্সবাজার বিমানবন্দর সংলগ্ন এলাকায় সরকারি ভূমিতে অননুমোদিত ও অস্থায়ীভাবে বসবাসরত, প্রাকৃতিক দুর্যোগে বাস্তুচ্যুত, ক্ষতিগ্রস্ত ও ভূমিহীন পরিবার চিহ্নিত করার লক্ষ্যে 'জলবায়ু উদ্বাস্তু পুনর্বাসন প্রকল্প (খুরুশকুল), কক্সবাজার-এ নির্মিত বহুতল ভবনের উপকারভোগী বাছাই, সরকারি ফ্ল্যাট হস্তান্তর ও রক্ষণাবেক্ষণ নীতিমালা, ২০২৫' এর নীতি-৪ অনুযায়ী 'জলবায়ু উদ্বাস্তু পরিবারের তালিকা প্রণয়ন কমিটি' নিম্নরূপভাবে গঠন করা হলো:

| | | | |
|---|---|---|---|
| ১ | জেলা প্রশাসক, কক্সবাজার | - | সভাপতি |
| ২ | পুলিশ সুপার, কক্সবাজার | - | সদস্য |
| ৩ | প্রশাসক/মেয়র, কক্সবাজার সদর পৌরসভা | - | সদস্য |
| ৪ | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) | - | সদস্য |
| ৫ | বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের প্রতিনিধি | - | সদস্য |
| ৬ | বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের প্রতিনিধি | - | সদস্য |
| ৭ | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কক্সবাজার | - | সদস্য |
| ৮ | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত গণ্যমান্য ব্যক্তি:<br>ক) জনাব লুৎফর রহমান কাজল, স্বত্বাধিকারী-হোটেল নিরিবিলি, শহীদ স্মরণী, কক্সবাজার<br>খ) জনাব আবদুল্লাহ আল ফারুক, কলাতলী, কক্সবাজার | - | সদস্য |


**মূল্য :** টাকা ৪.০০

| | | | |
|---|---|---|---|
| ৯ | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত এনজিও প্রতিনিধি:<br>জেলা প্রতিনিধি, ব্র্যাক, কক্সবাজার | - | সদস্য |
| ১০ | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত ক্ষতিগ্রস্ত জলবায়ু উদ্বাস্তু পরিবারের প্রতিনিধি:<br>ক) জনাব শফিউল আলম, সমিতি পাড়া, পৌরসভা ১ নম্বর ওয়ার্ড, কক্সবাজার<br>খ) জনাব এস আই এম আকতার কামাল, মধ্যম কুতুবদিয়াপাড়া, পৌরসভা ১ নম্বর ওয়ার্ড, কক্সবাজার | - | সদস্য |
| ১১ | উপজেলা নির্বাহী অফিসার, কক্সবাজার সদর | - | সদস্য-সচিব |

২। কমিটির কার্যপরিধি:

ক) কমিটি বিমানবন্দর সংলগ্ন এলাকায় বসবাসরত জলবায়ু উদ্বাস্তু পরিবার সরেজমিন পরিদর্শন, যাচাই ও চিহ্নিত করে অগ্রাধিকার তালিকা প্রণয়ন করবে;

খ) কমিটি কক্সবাজার বিমানবন্দরকে আন্তর্জাতিক মানে উন্নীতকরণের লক্ষ্যে বন্দোবস্তকৃত বিমানবন্দর সংলগ্ন এলাকায় অননুমোদিত ও অস্থায়ীভাবে বসবাসরতদের অগ্রাধিকার তালিকা প্রণয়নের ক্ষেত্রে নিম্নের বিষয়সমূহ বিবেচনা করবে:

১। বাস্তুভিটাহীন, ভূমিহীন, আর্থিকভাবে অসচ্ছল, দুস্থ পরিবার;

২। প্রাকৃতিক দুর্যোগে বাস্তুভিটাহীন পরিবার;

৩। বিধবা বা স্বামী পরিত্যক্তা/বৃদ্ধ-বৃদ্ধা, অসুস্থ, প্রতিবন্ধী পরিবার;

৪। পরিবারের দুস্থতা বিবেচনা করে কমিটি অগ্রাধিকারের ক্রম তৈরি করবে;

৫। কমিটি (অপেক্ষমান তালিকাসহ) অগ্রাধিকারের ক্রম অনুসারে চূড়ান্ত তালিকা প্রণয়ন করবে।

৩। কেবল কোনো সদস্য পদে শূন্যতা বা কমিটি গঠনে ত্রুটি থাকার কারণে কমিটির কোনো কার্য বা কার্যধারা অবৈধ হবে না বা তৎসম্পর্কে কোনো প্রশ্ন উত্থাপন করা যাবে না।

৪। সরকার, যে কোনো সময়, কমিটি সংশোধনের ক্ষমতা সংরক্ষণ করে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ডাঃ মোহাম্মদ মহিবুল হাসান**
পরিচালক-১৪।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd